## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রুমী বিশ্বাস, প্রশাসক, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৫/১১/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৪/১০/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংলগ্ন টয়লেটের ইলেট্রিকের কাজ ও পানির লাইন সহ রান্নঘর ও টয়লেটের টাইলস্ দ্বারা নির্মাণ এবং বাকী অংশে রংকরণ কাজের জন্য গত ২৪/১০/২০২৪ খ্রি. তারিখে অক্টোবর/২৪ মাসের সভায় অনুমোদিত প্রকল্পের প্রাক্কলন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা ২,৭৮,৪৬৮/- (দুই লক্ষ আটাত্তর হাজার চারশত আটষট্টি) টাকার প্রাক্কলন সভায় পেশ করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উক্ত কাজটি কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদ রাজস্ব খাত হতে বাস্তবায়নের জন্য মতামত প্রদান করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংলগ্ন টয়লেটের ইলেকট্রিকের কাজ ও পানির লাইন সহ রান্নঘর ও টয়লেটের টাইলস্ দ্বারা নির্মাণ এবং বাকী অংশ রংকরণ কাজটির উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার দাখিলকৃত প্রাক্কলিত মূল্য ২,৭৮,৪৬৮/- (দুই লক্ষ আটাত্তর হাজার চারশত আটষট্টি) টাকার এবং উক্ত কাজটি কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান, চেয়ারম্যান, কয়রা ইউনিয়ন পরিষদের আবেদনের প্রেক্ষিতে কয়রা উপজেলার নির্মাণাধীন পর্যটন কেন্দ্র কেওড়াকাটা নামক স্থানে ভ্রমণ পিপাসু জনসাধারণের বসার জন্য ০৪টি বেঞ্চ নির্মানের জন্য প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয়ের জন্য প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ২,৭০,৮২৩/- (দুই লক্ষ সত্তর হাজার আটশত তেইশ) টাকা প্রাক্কলণটি সভার সকলে অনুমোদনের জন্য একমত পোষণ করেন। | (খ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কয়রা উপজেলার নির্মাণাধীন পর্যটন কেন্দ্র কেওড়াকাটা নামক স্থানে ভ্রমণ পিপাসু জনসাধারণের বসার জন্য ০৪টি বেঞ্চ নির্মাণের জন্য ২,৭০,৮২৩/- (দুই লক্ষ সত্তর হাজার আটশত তেইশ) টাকা ব্যয়ের প্রাক্কলন এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান, গত ২৪/১০/২০২৪ খ্রি. তারিখে অক্টোবর/২৪ মাসের সভায় সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কয়রা, খুলনার পুরাতন আদালত ভবনের বারান্দা হতে নবনির্মিত আদালত ভবনে প্রবেশের জন্য রাস্তার উপরে ছাউনির মাধ্যমে অপেক্ষায় থাকা বিচারপ্রার্থী মানুষজন ছায়ায় আশ্রয় গ্রহণের জন্য অনুমোদিত প্রকল্পের প্রাক্কলন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয়ের জন্য প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ব্যয়ের প্রাক্কলণটি সভার সকলে অনুমোদনের জন্য একমত পোষণ করেন। | (গ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কয়রা, খুলনার পুরাতন আদালত ভবনের বারান্দা হতে নবনির্মিত আদালত ভবনে প্রবেশের জন্য রাস্তার উপরে নির্মিত টিনের ছাউনির জন্য ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ব্যয়ের প্রাক্কলন এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান এলাকাবাসীর আবেদনের প্রেক্ষিতে কয়রা উপজেলার আমাদী ইউনিয়নের হাতিয়ার ডাংগা মৌজা ও উত্তর বেদকাশী ইউনিয়নের গাতিরঘেরী মৌজায় স্থানীয় জনগণের কৃষি কাজে সহায়তার জন্য গভীর স্যালো স্থাপনের প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন। উক্ত কাজের জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা নিকট হতে প্রাপ্ত ৩,৮০,০০০/- (তিন লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলন সভায় পেশ করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উক্ত কাজটি কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য মতামত | (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা উপজেলার আমাদী ইউনিয়নের হাতিয়ার ডাংগা মৌজা ও উত্তর বেদকাশী ইউনিয়নের গাতিরঘেরী মৌজায় স্থানীয় জনগণের কৃষি কাজে সহায়তার জন্য গভীর স্যালো স্থাপনের জন্য ৩,৮০,০০০/- (তিন লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলন এবং কাজটি উপজেলা | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রদান করেন। | পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ঙ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) আওতায় ২০২৪-২৫ অর্থবছরের প্রকল্প তালিকা স্ব-স্ব ইউনিয়ন পরিষদ হতে দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অনুরোধ জানান। সভায় সকলে অতিদ্রুত প্রকল্প দাখিলের জন্য মতামত ব্যক্ত করেন। | (ঙ) বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) আওতায় ২০২৪-২৫ অর্থবছরের প্রকল্প তালিকা স্ব-স্ব ইউনিয়ন পরিষদ হতে দাখিলের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (চ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলা দক্ষিণ বেদকাশী ইউনিয়নের ঘড়িলাল অঙ্গজেলা খেয়াঘাটটি খুবই জরাজীর্ণ। তিনি ঘাটটি সংস্কারের প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভায় প্রাক্কলণ প্রস্তুতের জন্য মতামত প্রদান করেন | (চ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঘড়িলাল আঙ্গজেলা খেয়াঘাটটি সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পরবর্তী সভায় প্রাক্কলণ পেশ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ছ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলার অভ্যন্তরে মশার প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় ডেঙ্গু জ্বরের প্রকোপ হতে রক্ষা পেতে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের স্বাস্থ্য খাতের আওতায় ০২টি ফগার মেশিন ও মশা নিধন ঔষধ ক্রয় প্রকল্পটি গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন। এতদ্ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্তমানে বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে অনুরোধের প্রেক্ষিতে ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলণ সভায় পেশ করেন। যা অনুমোদিত হলে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br>উক্ত কাজের প্রাক্কলিত মূল্যঃ ১,৮০,০০০/-<br>ক্রঃ নং   নাম ও পদবী   কমিটির পদ<br>১. হরেন্দ্র নাথ সরকার, ইউপি সদস্য, কয়রা — সভাপতি<br>২. মোছাঃ সেলিনা খাতুন, ইউপি সদস্য, কয়রা — সচিব<br>৩. মোছাঃ হোসনেয়ারা খাতুন, ইউপি সদস্য, মহেশ্বরীপুর — সদস্য<br>৪. সৌরভ রায়, অফিস সহকারী, উ:প্র:বা:অ: — সদস্য<br>৫. প্রকাশ দাশ, ইলেক্ট্রিশিয়ান, এলজিইডি — সদস্য<br>৬. ভবসিন্ধু রায়, মালী — সদস্য<br>৭. মোঃ মনিরুজ্জামান, ইমাম — সদস্য | (ছ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের স্বাস্থ্য খাত হতে ০২টি ফগার মেশিন ও মশা নিধন ঔষধ ক্রয় প্রকল্পটি ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলনটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, কয়রা উপজেলার বাংলা ১৪৩১ বঙ্গাব্দে ০৭ (সাত) টি হাট-বাজারের ৩০/১০/২০২৪ খ্রি. তারিখে উন্মুক্ত ডাক অনুষ্ঠিত হয়। ডাকে ০১(এক) টি হাট-বাজারের বিপরীতে ডাককারীগণ ডাকে অংশগ্রহণ করেন। তন্মধ্যে আমাদী হাটের ডাককারীর ডাকমূল্য সর্বোচ্চ হওয়ায় উল্লিখিত হাটের বাংলা ১৪৩১ সনে অবশিষ্ট সময়ের জন্য (উন্মুক্ত ডাকের পর হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত) খাস আদায়ের জন্য সভার সকলে একমত পোষণ করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে কয়রা উপজেলাধীন অ-ইজারাকৃত ০৭ (সাত) টি হাট-বাজারের মধ্যে ০১(এক) টি আমাদী হাটের ডাককারীর ডাকমূল্য সর্বোচ্চ হওয়ায় উল্লিখিত হাট-বাজার বাংলা ১৪৩১ সনে অবশিষ্ট সময়ের জন্য (উন্মুক্ত ডাকের পর হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত) খাস আদায়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনার সভায় নভেম্বর/২০২৪ মাসের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>২) কৃত্রিম প্রজনন: | -- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| | খুলনা। | ক) হিমায়িত সিমেন দ্বারাঃ ২৯০<br>খ) সংকর জাতের বাছুরের তথ্যঃ ১৬০<br>২) চিকিৎসাঃ<br>ক) গবাদি পশুঃ ১৬৭০<br>খ) হাঁস-মুরগিঃ ৭৭৯২<br>৩) টিকা প্রদানঃ<br>ক) গবাদি পশুঃ ০০<br>খ) হাঁস-মুরগিঃ ০০<br>তিনি আরও জানান উপজেলা ব্যাপি বিনামূল্যে ৫৩,০০০ ছাগল ও ভেড়ার পিপিআর ভ্যাক্সিনেশন করা হয়েছে। | | |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভার জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৯৬ টি। ২০২২-২৩ অর্থ বছরে ২,৩৪,০৫০/- টাকা অডিট ফি ধার্য করা হয়েছে এর মধ্যে ২,২৬,৭৪০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ৭৩,৪১২/- টাকা ধার্য করা হয়েছে এর মধ্যে ৭১,৩২০/- টাকা আদায় করা হয়েছে। যা সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে ব্যয় করা হয়ে থাকে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যদেরকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও বিভিন্ন সমিতি থেকে ৭৫ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।<br>অত্র উপজেলায় ০৩ টি আশ্রয়ণ প্রকল্প আছে (ক) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২), (খ) বাগালী আশ্রয়ন প্রকল্প (ফেইজ-০২) ও (গ) মালিখালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্ধ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় | -- | -- |

<table>
<tr><td></td><td></td><td>১৩,৭৬,১৩৪/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৬৮৬/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা অক্টোবর/২০২৪ মাসের সভার নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th>টাকা/পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>মোট ঋণ তহবিল</td><td>২৫,৩৮,৮০০/-</td><td></td></tr>
<tr><td>২.</td><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>২,১৮,৩১,৫০০/-</td><td></td></tr>
<tr><td>৩.</td><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>৬,০০,০০০/-</td><td></td></tr>
<tr><td>৪.</td><td>চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ</td><td>৮৭,৩০০/-</td><td></td></tr>
<tr><td>৫.</td><td>চলতি মাসে আদায়কৃত টাকার পরিমাণ</td><td>৭৭,৬০০/-</td><td></td></tr>
<tr><td>৬.</td><td>চলতি মাসে আদায়ের হার</td><td>৮৯%</td><td></td></tr>
<tr><td>৭.</td><td>চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>২,০১,১১,৮৯০/-</td><td></td></tr>
<tr><td>৮.</td><td>চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত</td><td>১,৯৬,৮৬,৭৬৮/-</td><td></td></tr>
<tr><td>৯.</td><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৭%</td><td></td></tr>
<tr><td>১০.</td><td>চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ণ খেলাপী টাকার পরিমাণ</td><td>৩,৯৬,০৩২/-</td><td></td></tr>
<tr><td>১১.</td><td>চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমাণ</td><td>২৯,০৯০/-</td><td></td></tr>
<tr><td>১২.</td><td>২০২৩-২৪ অর্থ বছরে প্রশিক্ষণ জোরদারকরণ</td><td>০ জন</td><td></td></tr>
<tr><td>১৩.</td><td>২০২৪-২৫ অর্থ বছরে প্রশিক্ষণ (রাজস্ব)</td><td>১৫০ জন</td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে (জোরদার+রাজস্ব)</td><td>৯৩৬৮ জন</td><td></td></tr>
<tr><td>১৫.</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মী</td><td>১২ জন</td><td></td></tr>
<tr><td>১৬.</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে</td><td>৪৬৪৫ জন</td><td></td></tr>
<tr><td>১৭.</td><td>ঋণী সংখ্যা<br>রাজস্ব<br>জোরদারকরণ প্রকল্প<br>পরিবার</td><td><br>১০৩৪ জন<br>১৩ জন<br>৩৪০ জন</td><td></td></tr>
</table>
তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা নভেম্বর/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন
<table>
<tr><th rowspan="2">কর্মসূচির নাম</th><th rowspan="2">বিতরণ</th><th rowspan="2">অর্জন</th><th colspan="3">মাঠে বকেয়া</th></tr>
<tr><th>চলতি</th><th>মেয়াদ উত্তীর্ণ</th><th>মোট</th></tr>
<tr><td>মূল/কর্মসূচি/ অবর্তক</td><td>৬৯.২৫</td><td>৯৫.০০</td><td>৭৯.৩৬</td><td>১৪.৪০</td><td>৯৩.৭৬</td></tr>
<tr><td>সমন্বিক</td><td>৭৯.৫০</td><td>১০৫.০০</td><td>৫০.৪৮</td><td>৪৭.১২</td><td>৯৭.৬০</td></tr>
<tr><td>পল্লী প্রগতি কর্মসূচি</td><td>৩৯.০০</td><td>৫০.০০</td><td>৫৪.৮৭</td><td>৪.৪২</td><td>৫৯.২৯</td></tr>
<tr><td>বীর মুক্তিযোদ্ধা</td><td>৫.০৮</td><td>৩.০০</td><td>১.৭৮</td><td>২.৬৪</td><td>৪.৪২</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
</table>

চলমান পাতা-০৫

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ইরেসপো | ২৫৬.০০ | ৪০০.০০ | ২৩৯.৪৪ | ৩৮.৮১ | ২৭৮.২৫ |
| এসএমই | ২৬.০০ | ২৬.০০ | ৭১.৬০ | ০ | ১৭.৬০ |
| গুচ্ছগ্রাম | ৩৪.৫০ | ৯.৫০ | ৯.২৮ | ০ | ৯.২৮ |

তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ৩০,০০০/- |
| ০২. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৮৬/- |
| ০৩. | উপজেলা পরিষদ মালীর অক্টোবর/২০২৪ মাসের মজুরী বিল। | ১০,৫০০/- |
| ০৪. | উপজেলা পরিষদ সুইপারের অক্টোবর/২০২৪ মাসের মজুরী বিল। | ১১,৫৫০/- |
| ০৫. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের অভ্যন্তরে ও উপজেলা পরিষদের অভ্যন্তরে বৈদ্যুতিক লাইনের মালামাল ক্রয় ও মেরামত কাজের বিল। | ১৭,৫০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/১১/২০২৪

রুলী বিশ্বাস
প্রশাসক
উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪-২৭ (৪৫)

তারিখঃ ২৫-১১-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৫। উপজেলা..............................................অফিসার, কয়রা, খুলনা।
০৬। চেয়ারম্যান....................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
০৭। জনাব ..............................................................,কয়রা, খুলনা।

২৫/১১/২০২৪

রুলী বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd